

U.G. 2nd Semester Examination - 2021**BENGALI****[PROGRAM]****Course Code : BBNGCCRT201****Course Title : আধুনিক বাংলা সাহিত্য**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$
- ক) 'নীল-দর্পণ' নাটকের প্রথম সংস্করণে নাট্যকারের ছদ্মনাম কী ছিল?
- খ) চন্দরা কে?
- গ) 'পদ্মিনী উপাখ্যান' কাব্যে দিল্লীশ্বর আলাউদ্দীন কার কাছ থেকে পদ্মিনীর রূপলাবণ্যের কথা শুনেছিলেন?
- ঘ) টেকচাঁদ ঠাকুরের আসল নাম কী?
- ঙ) 'নীল-দর্পণ' নাটকটির ইংরেজি অনুবাদটির নাম কী?
- চ) 'আহা, দুটিতে বেশ মানায়।' — উদ্ধৃতাংশটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ গল্পের?
- ছ) 'তঁার কন্যা মনোরমা' — এখানে 'কন্যা'র নাম কী?

- জ) 'নিশীথে' গল্পে কোন্ নদীর কথা আছে?
- ঝ) 'স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়?' — উক্তিটি কার?
- ঞ) 'আলালের ঘরের দুলাল'-এ মতিলালের ভাইয়ের নাম কী?
- ট) তোরাপ কে?
- ঠ) সুরবালার স্বামীর পেশা কী?
- ড) 'মানুষের মধ্যে তাঁহার সম্পর্ক ছিল কেবল গিরিবালার সহিত।' — উদ্ধৃতাংশে 'তাঁহার' কে?
- ঢ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'পোস্টমাস্টার' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ণ) 'আলালের ঘরের দুলাল'-এর কাহিনিটি কয়টি অধ্যায়ে বিন্যস্ত?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মিনী উপাখ্যান'-এর কাহিনীর উৎস কী?
- খ) দু-এককথায় ঠকচাচার পরিচয় দাও।
- গ) 'গৃহিনী সচিবঃ সখী মিথঃ প্রিয়শিষ্যা ললিতে কলাবিধৌ।' — শ্লোকটি কার লেখা, কোন্ গল্পে উদ্ধৃত হয়েছে?
- ঘ) 'নীল-দর্পণ' নাটকে ব্যবহৃত দুটি প্রবাদ-প্রবচন উল্লেখ করো।
- ঙ) 'পদ্মিনী উপাখ্যান' কাব্যটিতে কে, কার কাছে পদ্মিনীর উপাখ্যান বিবৃত করেন?

- চ) 'নীল-দর্পণ' নাটকটির কয়টি অঙ্ক ও কয়টি গর্ভাঙ্ক ?
- ছ) 'মেঘ ও রৌদ্র' গল্পের নামকরণে মেঘ ও রৌদ্র কীসের প্রতীক ?
- জ) মতিলালের দুজন সঙ্গীর নাম লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মিনী উপাখ্যান' কাব্যে পদ্মিনীর রূপলাবণ্যের পরিচয় দাও।
- খ) 'কিন্তু রতনের মনে কোনো তত্ত্বের উদয় হইল না।' — প্রসঙ্গ উল্লেখ করে রতনের মনে কোনো তত্ত্বের উদয় হল না কেন, তা লেখো।
- গ) 'আলালের ঘরের দুলাল'-এর বাবুরাম বাবুর চরিত্র সম্পর্কে আলোকপাত করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$

- ক) 'আলালের ঘরে দুলাল'-এ মতিলালের চারিত্রিক অধঃপতনের পরিচয় কীভাবে উঠে এসেছে, তা লেখো।
- খ) 'নীল-দর্পণ' নাটকে ভদ্র চরিত্রের চেয়ে ভদ্রেতর চরিত্রগুলি বেশি উজ্জ্বল। — অভিমতটির যৌক্তিকতা বিচার করো।
- গ) 'শাস্তি' গল্পে শাস্তির বহুমান্দ্রিক পরিচয় বর্তমান। — মন্তব্যটি স্মরণে রেখে 'শাস্তি' গল্পে কে, কীভাবে শাস্তি লাভ করে, তার পরিচয় দাও।